

নারীর প্রতি সহিংসতা: যুগান্তকারী রায়ের সংকলন



“নারীর প্রতি সহিংসতা বিষয়ক যুগান্তকারী রায় : বাংলাদেশ, ভারত, পাকিস্তান” বইটির দ্বিতীয় খণ্ডে এই তিন দেশের সুপ্রীম কোর্ট ও হাইকোর্টে ২০০৬ থেকে ২০১২ পর্যন্ত সময়কালে প্রণীত নারীর প্রতি সহিংসতা বিষয়ক যুগান্তকারী রায়গুলোকে সন্নিবেশিত করা হয়েছে। বিচারপতি মোহাম্মদ গোলাম রাব্বানী বইটি সম্পর্কে বলেছেন, তাঁর জানামতে এরকম একটি সংকলন এই-ই প্রথম।

এই বইটিতে যেসব মামলার কথা উল্লেখ করা হয়েছে তার মাধ্যমে উঠে এসেছে নারীর প্রতি সহিংসতা বিষয়ে বিচারিক ব্যাখ্যার বিভিন্ন ক্ষেত্র এবং কীভাবে বিচারব্যবস্থা এই ইস্যুটিকে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বিচার করেছে। সেইসাথে এও দেখা গেছে বিচারকরা সময়ের প্রয়োজনে কীভাবে তাদের দেয়া সনাতনী ব্যাখ্যাকে তারা নিজেরাই পরিবর্তন করেছেন। সময়ের সাথে সাথে অপরাধ ও অপরাধীর ধরণও পরিবর্তিত হয়েছে। অপরাধীরা ক্রমশ জটিল হয়ে উঠছে। এরকম জটিল বেশ কিছু ইস্যু কীভাবে বিচারকরা ফয়সালা করেছেন, তাও এখানে বিভিন্ন মামলার রায়ের মাধ্যমে উঠে এসেছে।

“নারীর প্রতি সহিংসতা বিষয়ক যুগান্তকারী রায় : বাংলাদেশ, ভারত, পাকিস্তান” বইটির দ্বিতীয় খণ্ডের মোড়ক উন্মোচন করেন বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহা গতকাল (মঙ্গলবার) শহীদ শফিউর রহমান (সুপ্রীমকোর্ট বার) মিলনায়তনে। ঐ অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আপীল বিভাগের বিচারপতি জনাব নাজমুন আরা সুলতানা, জনাব সৈয়দ মাহমুদ হোসেন, জনাব ইমান আলী, ব্যরিষ্টার আমিরুল ইসলাম, এবং সিনিয়র এ্যাডভোকেট সিগমা হুদা।

বইটির সার সংক্ষেপ উপস্থাপন করেন বাংলাদেশ সুপ্রীমকোর্টের সিনিয়র এ্যাডভোকেট ফৌজিয়া করিম ফিরোজ। সভাপ্রধানের দায়িত্ব পালন করেছেন মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম। মানুষের জন্য ফাউন্ডেশন “নারীর প্রতি সহিংসতা বিষয়ক যুগান্তকারী রায়ঃ বাংলাদেশ, ভারত, পাকিস্তান” এই বইটি প্রকাশের উদ্যোগ গ্রহণ করে ২০০৪ সালে। কারণ এই বইটি বিচার বিভাগ ও আইন চর্চার সাথে যুক্ত প্রতিটি মানুষকে মামলা পরিচালনার ক্ষেত্রে রেফারেন্স বই হিসেবে ব্যবহারের ক্ষেত্রে সহায়তা প্রদান করবে। প্রথম প্রকাশনায় ১৯৭২ থেকে- ২০০৫ সালের রায় গুলোকে অন্তর্ভুক্ত করা হয়। পরবর্তীতে আইনজীবী ও বিচারকদের সুপারিশের ভিত্তিতে বইটির দ্বিতীয় সংস্করণ করা হয়। এবং এরই ধারাবাহিকতায় ২০০৬-২০১২ সালের যুগান্তকারী রায় গুলোকে নিয়ে বই প্রকাশনার উদ্যোগ গ্রহণ করা হয়।